# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫০৮৪

৩৭/ নিদ্রা সম্পর্কীয় (كتاب النوم)

পরিচ্ছেদঃ ৩৬. অনুমতি চাওয়া সম্পর্কে।

باب فِي الاِسْتِئْذَانِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ حَبِيبٍ، حَدَّثَنَا رَوْحٌ، عَنِ ابْنِ جُرَيْجٍ، قَالَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ أَبِي سُفْيَانَ، أَنَّ عَمْرَو بْنَ عَبْدِ اللَّهِ بْنِ صَفْوَانَ، أَخْبَرَهُ عَنْ كَلَدَةَ بْنِ حَنْبَلٍ، أَنَّ صَفْوَانَ بْنَ أُمَيَّةَ، بَعَثَهُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بِلَبَنٍ وَجِدَايَةٍ وَضَغَابِيسَ ـ وَالنَّبِيُّ صلى الله عليه وسلم بِأَعْلَى مَكَّةَ ـ فَدَخَلْتُ وَلَمْ أُسَلِّمْ فَقَالَ " ارْجِعْ فَقُلِ السَّلاَمُ عَلَيْكُمْ " . وَذَاكَ بَعْدَ مَا أَسْلَمَ صَفْوَانُ بْنُ أُمَيَّةَ . قَالَ عَمْرٌو وَأَخْبَرَنِي ابْنُ صَفْوَانَ بِهَذَا أَجْمَعَ عَنْ كَلَدَةَ بْنِ حَنْبَلٍ وَلَمْ يَقُلْ سَمِعْتُهُ مِنْهُ . قَالَ أَبُو دَاوُدَ قَالَ يَحْيَى بْنُ حَبِيبٍ أُمَيَّةُ بْنُ صَفْوَانَ وَلَمْ يَقُلْ سَمِعْتُهُ مِنْ كَلَدَةَ بْنِ حَنْبَلٍ وَقَالَ يَحْيَى أَيْضًا عَمْرُو بْنُ عَبْدِ اللَّهِ بْنِ صَفْوَانَ أَخْبَرَهُ أَنَّ كَلَدَةَ بْنَ الْحَنْبَلِ أَخْبَرَهُ .

বাংলা

৫০৮৪. ইয়াহইয়া ইবন হাবীব (রহঃ) .... কালদা ইবন হাম্বল (রাঃ) থেকে বর্ণিত যে, সাফওয়ান ইবন উমায়্যা (রাঃ) তাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট দুধ, হরিণের মাংস ও কাঁকুড়সহ প্রেরণ করেন। এ সময় নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কার উঁচু ভূমিতে অবস্থান করছিলেন। আমি তাঁর কাছে সালাম না দিয়ে প্রবেশ করলে, তিনি বলেনঃ তুমি ফিরে যাও এবং বলঃ আস-সালামু আলায়কুম। এ ঘটনা সাফওয়ান ইবন উমাইয়্যা (রাঃ)-এর ইসলাম গ্রহণের পরের।

উমার (রাঃ) বলেনঃ এ সব ঘটনা আমাকে ইবন সাফওয়ান (রাঃ) বলেছেন। তবে এ বর্ণনায় আমি শুনেছি-এর উল্লেখ নেই। রাবী ইয়াহ্ইয়া ইবন হাবীব (রহঃ) উমাইয়্যা ইবন সাফওয়ান (রহঃ) থেকে বর্ণনা করেছেন, তবে তিনি বলেননি যে, আমি এ হাদীছ কালদা ইবন হাম্বল (রহঃ) থেকে শুনেছি। রাবী ইয়াহ্ইয়া (রহঃ) এরূপও বলেছেনঃ কালদা ইবন হাম্বল (রহঃ) আমর ইবন আবদুল্লাহ্ ইবন সাফওয়ান (রহঃ) থেকে তার কাছে বর্ণনা করেছেন।

## English

Narrated Kaladah ibn Hanbal:

Safwan ibn Umayyah sent him with some milk, a young gazelle and some small cucumbers to the Messenger of Allah (ﷺ) when he was in the upper part of Mecca. I entered but I did not give a salutation. He said: Go back and say: "Peace be upon you"! This happened after Safwan ibn Umayyah and embraced Islam. Amr said: Ibn Safwan told me all this on the authority of Kaladah ibn Hanbal, and he did not say: I heard it from him.

Abu Dawud said: Yahya b. Habib said: Umayyah b. Safwan. He did not say: I heard from Kaladah b. Hanbal. Yahya also said: 'Amr b. 'Abd Allah b. Safwan told him that Kaladah b. al-Hanbal told him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37190

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন